**নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন**
**(HUMAN RESOURCES ADMINISTRATION,HRA)**
**(Bengali)**

**সাধারণ শুনানির বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত বিধিতে মন্তব্য করার সুযোগ**

**আমরা কী প্রস্তাব রাখছি?** HRA
এর $1700 এর বর্ধিত সমাধি ভাতা স্থায়ীকরণের প্রস্তাব করছে।
এই বিধি প্রণয়ন ব্যতীত, $1700 ভাতা 30 জুন, 2021-এ শেষ
হয়ে যেত
এবং প্রি-COVID স্তরের $ 900 ডলারে ফিরে যেত।

**শুনানি কখন এবং কোথায় হতে চলেছে?** নিউ ইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসন প্রস্তাবিত নিয়মের জন্য একটি সার্বজনীন শুনানির আয়োজন করবে। COVID-19-এর জন্য, শুনানিটা দূরবর্তীভাবে Zoom-এর মাধ্যমে10 মে, 2021 সকাল10 টায় অনুষ্ঠিত হবে। যারা শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা এর মাধ্যমে যোগ দিতে পারেন:

**Zoom (ভিডিও এবং অডিও):**

https://us02web.zoom.us/j/81765612347

অথবা www.zoom.us এ যান, "একটি সভায় যোগদান (Join a Meeting)"-এ, ক্লিক করুন এবং সাক্ষাতের আইডি 817 6561 2347 প্রবেশ করান।

**ফোনের দ্বারা (শুধু অডিও):**

646-876-9923

মিটিংয়ের আইডি: 81765612347

**আমি কীভাবে প্রস্তাবিত বিধির উপর নিজের মতামত রাখতে পারি**? প্রস্তাবিত বিধিতে যে কেউ নিম্নরূপে নিজের মত রাখতে পারবেন:

- **ওয়েবসাইট-এর দ্বারা।**NYC নিয়মবিধির ওয়েবসাইট http://rules.cityofnewyork.us এর মাধ্যমে আপনি HRA কে মতামত জানাতে পারেন।

- **ইমেলের দ্বারা।** আপনি NYCRules@hra.nyc.gov-এ মতামত জানিয়ে ইমেল করতে পারেন। অনুগ্রহ করে বিষয় পংক্তিতে “সমাধি” কথাটি অন্তর্ভুক্ত করুন।

- **ডাকযোগে।** আপনি নিচের ঠিকানায় নিজের মতামত পাঠাতে পারেন:

  HRA Rules
  c/o Office of Legal Affairs
  150 Greenwich Street, 38th Floor

New York, NY   10007

অনুগ্রহ করে বিষয়টি স্পষ্ট করুন যে আপনি সমাধি দাবির ওপর মন্তব্য করছেন।

- **ফ্যাক্স।** আপনি আপনার মন্তব্য জানিয়ে 917-639-0413 নম্বরে ফ্যাক্স করতে পারেন। অনুগ্রহ করে বিষয় পংক্তিতে "সমাধি" কথাটি অন্তর্ভুক্ত করুন।

- **শুনানিতে বক্তব্য রাখার দ্বারা।** আপনি 26 এপ্রিল অথবা তার আগে 929-221-7220 নম্বরে ফোন করে অথবাNYCRules@hra.nyc.gov-তে ইমেল করে শুনানিতে কথা বলার জন্য সাইনআপ করতে পারেন। বক্তারা যে ক্রমে সাইনআপ করবেন সেই অনুযায়ী তাদের ডাকা হবে এবং তারা তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারবেন।

**মতামত জমা দেওয়ার কি কোনো সময়সীমা আছে**? মতামত জমা করার শেষ তারিখ 10 মে,2021 মধ্যরাত্রি পর্যন্ত। ডাকযোগের মাধ্যমে প্রেরিত মতামত সহ সমস্ত মতামত 10 মে বা তার আগে অবশ্যই HRA-এর কাছে পাঠাতে হবে।

**শুনানিতে অংশগ্রহণ করার জন্য আমার সহায়তার প্রয়োজন হলে কী হবে?** শুনানিতে আপনার দোভাষীর পরিষেবা অথবা যুক্তিসঙ্গত থাকার ব্যবস্থার প্রয়োজন হলে তা আমাদের অবশ্যই জানাতে হবে। আপনি NYCRules@HRA.nyc.gov-এ ইমেল করে আমাদের জানাতে পারেন। এছাড়াও আপনি আমাদেরকে 929-221-7220 নম্বরে ফোন করে জানাতে পারেন। ব্যবস্থা করার পর্যাপ্ত সময় পেতে আগে থেকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে। অনুগ্রহ করে আমাদেরকে 26 এপ্রিল এর মধ্যে জানান।

**প্রস্তাবিত নিয়মের ওপর করা মন্তব্যগুলো কি আমি দেখতে পারি?** আপনি অনলাইনে http://rules.cityofnewyork.us/ ওয়েবসাইটে গিয়ে প্রস্তাবিত বিধির উপর জানানো মন্তব্যগুলি পর্যালোচনা করতে পারেন। শুনানি হয়ে যাওয়ার কয়েকদিন পরেই, প্রস্তাবিত বিধির বিষয়ে অনলাইনে জমা দেওয়া সমস্ত মতামতের কপি, লিখে জানানো সমস্ত মতামতের কপি এবং মুখে জানানো মতামতের একটি সারসংক্ষেপ HRA এর ওয়েবসাইটে সমস্ত জনগণের জন্য উপলভ্য করা হবে।

**HRA-কে এই বিধি তৈরি করার অনুমোদন কে দিয়েছে?** সিটি সনদের ধারা 603 এবং 1043 এবং নিউ ইয়র্কের সামাজিক পরিষেবা আইনের ধারা (New York Social Services Law) 141 অনুযায়ী HRA এই প্রস্তাবিত নিয়ম তৈরি করার জন্য অনুমোদিত।

**আমি কোথায় HRA এর নিয়মাবলী পেতে পারি?** HRA এর নিয়মাবলী নিউ ইয়র্ক শহরের নিয়মাবলীর 68 নং টাইটেলে রয়েছে।

**HRA এর নিয়ামক আলোচ্যে প্রস্তাবিত**
বিধিটি কি অন্তর্ভুক্ত
? HRA যখন তার সর্বশেষ তম নিয়ন্ত্রক এজেন্ডা জারি করেছিল তখন এই বিধিটির কথা বিবেচনা করা হয়নি।

**বিধি তৈরি করার প্রক্রিয়া কোন নিয়ম দ্বারা নিয়ন্ত্রিত?** বিধি তৈরি বা পরিবর্তন করার সময়ে HRA-কে অবশ্যই সিটি চার্টারের1043 ধারায় উল্লিখিত আবশ্যিক শর্ত মেনে চলতে হবে। বিজ্ঞপ্তিটি সিটি চার্টারের ধারা1043-এর আবশ্যিকতা অনুসারে করা হয়েছে।

## প্রস্তাবিত বিধির ভিত্তি এবং উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি

মে ২০২০ এ, নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ ( New York City Department of Social Services, DSS)/মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRa) এর কমিশনার অস্থায়ী জরুরি নিয়মের মাধ্যমে সমাধি ভাতার কর্মসূচিতটি পরিবর্তন করেছিলেন যা অন্যান্য বিষয়ের সাথে সমাধি ব্যয়ের পরিমাণ বাড়িয়েছিল এবং যার মাধ্যমে COVID-19 মহামারী চলাকালীন মারা যাওয়া স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীরা এর দ্বারা আচ্ছাদিত হয়েছিল। জরুরি নিয়মের বিধানগুলির অনেকগুলি চূড়ান্ত বিধি দ্বারা স্থায়ী করা হয়েছিল যা 31 আগস্ট , 2020-এ কার্যকর হয়েছিল।

বর্তমানে, স্টেট আইন কেবল $900 পর্যন্ত সমাধি ভাতার আংশিক ক্ষতিপূরণ প্রদান করে। অন্য অর্থে, স্টেট দ্বারা $900 পর্যন্ত অথবা তার চেয়ে কম সমাধি ভাতার আংশিক ক্ষতিপূরণ প্রদান করা হয় কিন্তু স্থানীয় সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্ট দ্বারা $900-এর বেশি প্রদত্ত যেকোনও পরিমাণ সম্পূর্ণভাবে স্থানীয় ফান্ড থেকে সরবরাহ করা হয়।

এই জরুরি নিয়ম, যা 120 দিনের জন্য কার্য করছিল, উপলভ্য সমাধিভাতা $900 থেকে $1700 পর্যন্ত বৃদ্ধি করেছে। HRA এর পরে পরবর্তী বিধি প্রণয়নের মাধ্যমে বর্ধিত ভাতা দু'বার বাড়িয়েছে, প্রথমত 31 ডিসেম্বর, 2020 এ বা তার আগে প্রাপ্ত আবেদনের জন্য বা তার পরে 30 জুন, 2021 এ বা তার আগে প্রাপ্ত আবেদনের জন্য।

স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীদের শেষকৃত্যের প্রয়োজন মেটাতে অতিরিক্ত তহবিল সরবরাহ করার জন্য অবিচ্ছিন্ন প্রয়োজনের প্রেক্ষিতে, HRA এখন $1700 ভাতার প্রোগ্রামটির স্থায়ী বিষয় তৈরি করতে নিউ ইয়র্ক শহরের নিয়ম 68 এর শিরোনাম এর 13 অধ্যায়ে সংশোধন করার প্রস্তাব দিয়েছে।

এই বিধির জন্য DSS/HRA এর কর্তৃত্ব নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইনের 141 ধারা এবং নিউ ইয়র্ক সিটি সনদের 603 ও 1043 ধারায় পাওয়া যাতে পারে।

নতুন পাঠ্যগুলিকে নিম্নরেখাঙ্কিত করা হয়েছে।

মুছে দেওয়া পাঠ্যগুলিকে [বন্ধনীর মধ্যে রাখা হয়েছে]।

## প্রস্তাবিত বিধির পাঠ্য

নিউ ইয়র্ক শহরের নিয়মাবলীর 68 নং শিরোনামের ধারা 13 এতদ্বারা নিম্নরূপে সংশোধিত:

**ধারা এক। নিউ ইয়র্ক শহরের নিয়মাবলীর 68 নং শিরোনামের 13-02 ধারা নিম্নরূপে সংশোধন করা হয়েছে**:

**13-02। \ [অস্থায়ী] সমাধি ভাতায় বৃদ্ধি**

এই শিরোনামের অধ্যায় 2 এ বিপরীত যেকোনো বিধান থাকা সত্ত্বেও, 30 জুন, 2021 তারিখে বা তার আগে জমা করা আবেদনের জন্য, অধ্যায় 2-এ বর্ণিত কবর ব্যয়ের জন্য ভাতা যা DSS/HRA দ্বারা প্রদেয় তা হলো $1,700। অধ্যায় 2-এর বর্ণিত অনুযায়ী এই ভাতা কবর ব্যয়ের জন্য ব্যবহার করা যেতে পারে, এই অধ্যায়ের ধারা 13-01-এর উপভাগ (a)-এর অনুচ্ছেদ (1) এবং (2) উল্লেখিত খরচ সহ যা এরকম উপভাগে উল্লেখিত সীমা নির্ধারণ করার ক্ষেত্রে বিবেচনা করা হয় না।

**NEW YORK CITY LAW DEPARTMENT**
**DIVISION OF LEGAL COUNSEL**
**100 CHURCH STREET**
**NEW YORK, NY 10007**
**212-356-4028**

**শংসাকরণ**

**অধ্যায় §1043(d)-এর অনুসরণে**

**বিধির শিরোনাম**: **বর্ধিত সমাধি ভাতার সময় বৃদ্ধিকরণ**

**রেফারেন্স নম্বর**:2021 RG 021

**বিধি প্রণয়নকারী এজেন্সি**:সামাজিক পরিষেবা বিভাগ(Department of Social Services)

আমি প্রত্যয়ন করছি যে, এই অফিস উপরে বর্ণিত প্রস্তাবিত বিধি নিউ ইয়র্ক সিটির সনদের ধারা 1043(d) এর প্রয়োজন অনুযায়ী পর্যালোচনা করেছে এবং উপরে বর্ণিত প্রস্তাবিত বিধি:

(i) আইনের অনুমোদনপ্রাপ্ত বিধানগুলির উদ্দেশ্য পূরণকল্পে খসড়া করা হয়েছে;

(ii) অন্য কোনও প্রযোজ্য নিয়মবিধির বিরোধী নয়;

(iii) যতদূর সম্ভব বাস্তবসম্মত ও উপযুক্ত, একান্তভাবে বর্ণিত উদ্দেশ্য অর্জনে সংক্ষিপ্তভাবে প্রণীত; এবং

(iv) যতদূর সম্ভব বাস্তব সম্মত ও উপযুক্ত, ভিত্তি এবং উদ্দেশ্য একটি বিবৃতি অন্তর্ভুক্ত করে যা বিধিটি এবং বিধি দ্বারা আরোপিত আবশ্যকতার বিষয়ে একটি স্পষ্ট ব্যাখা প্রদান করে।

/s/ STEVEN GOULDEN
ভারপ্রাপ্ত কর্পোরেশন কাউন্সেল (Acting Corporation Counsel)

তারিখ: 29 মার্চ, 2021

**নিউ ইয়র্ক সিটি মেয়রের অপারেশন সংশ্লিষ্ট অফিস (NEW YORK CITY MAYOR'S OFFICE OF OPERATIONS)**

**253 BROADWAY, 10th FLOOR**

**NEW YORK, NY 10007**

**212-788-1400**

**শংসাপত্র / বিশ্লেষণ**

**সনদের ধারা 1043(d) অনুসারে**

## বিধির শিরোনাম: বর্ধিত সমাধি ভাতার সময় বৃদ্ধিকরণ

রেফারেন্স নম্বর**: HRA-29**

বিধি প্রণয়নকারী এজেন্সি**: মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)**

আমি প্রত্যয়ন করছি যে, নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 1043(d) এর প্রয়োজন অনুযায়ী এই অফিস উপরে বর্ণিত প্রস্তাবিত নিয়মটি বিশ্লেষণ করেছে, এবং উপরে বর্ণিত প্রস্তাবিত বিধিটি:

(i) স্বতন্ত্র সম্প্রদায় বা সম্প্রদায়সমূহের জন্য বোধগম্য এবং সরল ভাষায় লেখা হয়েছে;

(ii) বিচ্ছিন্ন নিয়ন্ত্রিত সম্প্রদায় বা সম্প্রদায়সমূহের বিধিটির নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য সম্মতির খরচ কম করে; এবং

(iii) প্রতিকারের সময়সীমা দেয় না কারণ এটি কোনো লঙ্ঘন প্রতিপাদন করে না, লঙ্ঘনের সংশোধন অথবা লঙ্ঘনের জন্য যে শাস্তির ব্যবস্থা আছে তা সংশোধন করে না।

*/s/ Francisco X. Navarro* — 29 মার্চ, *2021*

মেয়রের অপারেশন সংক্রান্ত অফিস (Mayor's Office of Operations) — তারিখ